

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৬৫/২০১৬

অভিযোগকারী : (১) জনাব বিপ্লব কর্মকার
পিতা- সুভাষ চন্দ্র কর্মকার
(২) জনাব শ্রীধাম কর্মকার
পিতা-সঞ্জু কর্মকার
গ্রাম+পোস্ট-বিপুলাসার,
থানা-মনোহরগঞ্জ, জেলা-কুমিল্লা।

সিদ্ধান্তপত্র (একক শুনানী)

(তারিখ : ০৪-০৫-২০১৬ ইং)

অভিযোগকারী ০১-১২-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মোঃ সালাহউদ্দিন, সহকারী পরিচালক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তথ্য কমিশন, আগারগাঁও, ঢাকা বরাবরে ই-মেইলযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড, ঢাকা এই প্রতিষ্ঠানের তথ্য প্রদানকারী কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্মকর্তার নাম কি?

- ২। আবেদনের পরিপ্রেক্ষিতে বিগত ২০-১২-২০১৫ ইং তারিখে তথ্য কমিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোঃ সালাহউদ্দিন তথ্য কমিশনের স্মারক নং : তকক/দাঃকঃ-০১(অংশ-২)/২০১৫-৩৭০০ এর মাধ্যমে অভিযোগকারীকে জানান যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড, ঢাকা এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) এর কোন তথ্য তথ্য কমিশনের ওয়েব সাইটে সংরক্ষিত নেই। এ বিষয়ে সংশ্লিষ্ট কার্যালয়ে সরাসরি যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। উক্ত পত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে আরো জানান যে, কোন প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করা না হয়ে থাকলে এবং উক্ত বিষয়ে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করা হলে তথ্য কমিশন কর্তৃক পরবর্তীতে উপযুক্ত/যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে। প্রদত্ত তথ্যে সন্তুষ্ট হতে না পারায় অভিযোগকারী ১৯-০১-২০১৬ তারিখে জনাব সদর উদ্দিন আহমেদ, সচিব ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), তথ্য কমিশন, ঢাকা বরাবরে ই-মেইলযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরেও কোন প্রতিকার না পেয়ে অভিযোগকারী ২৯-০২-২০১৬ তারিখে তথ্য কমিশনে ই-মেইলযোগে অভিযোগ দাখিল করেন।
- ৩। ১০-০৪-২০১৬ তারিখের সভায় অভিযোগটির গ্রহণযোগ্যতার বিষয়ে একক শুনানীর জন্য গ্রহণ করে ০৪-০৫-২০১৬ তারিখে শুনানীর দিন ধার্য করা হয় এবং অভিযোগকারীকে জবাব দাখিল ও শুনানীতে হাজির হবার জন্য সমন জারী করা হয়।
- ৪। শুনানীতে অভিযোগকারী হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক যাচিত তথ্য প্রদান করেছেন মর্মে জিজ্ঞাসিত হলে তিনি প্রতি উত্তরে বলেন যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) সঠিক তথ্য প্রদান না করায় তিনি সংশ্লিষ্ট হয়ে পূর্ণাঙ্গ তথ্য প্রাপ্তির জন্য তিনি তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেছেন।

পর্যালোচনা

অভিযোগকারীর বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারী তথ্য প্রাপ্তির আবেদন এবং আপীল আবেদন করেও তথ্য না পেয়ে সংক্ষুব্ধ হয়ে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন। তবে পর্যালোচনান্তে আরো দেখা যায় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) স্মারক নং- তকক/দাঃকঃ-০১(অংশ-২)/২০১৫-৩৭০০, তারিখঃ ২০-১২-২০১৫ এর মাধ্যমে অভিযোগকারীর যাচিত তথ্য হিসেবে তথ্য কমিশনের ওয়েব সাইটে উক্ত তথ্য সন্নিবেশিত নেই মর্মে জানানো হয়েছে বিধায় আবেদনকারী সংক্ষুব্ধ হয়েছেন মর্মে প্রতীয়মান হয়। তবে শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব সাইটে দেখা যায় যে, উক্ত মন্ত্রণালয় ও অধীনস্থ অধিদপ্তর, দপ্তর, বোর্ড ইত্যাদি সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের তালিকার ২৭ নম্বরে সংশ্লিষ্ট বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, টেলিফোন নং, মোবাইল নং সহ অফিসের ঠিকানা প্রদর্শিত হয়েছে। উল্লেখ্য, বোর্ড একটি পৃথক প্রতিষ্ঠান হওয়ায় শিক্ষা মন্ত্রণালয়ের সচিব আপীল কর্তৃপক্ষ হবে। উক্ত ওয়েব সাইট ভিজিট করেই অভিযোগকারী উক্ত তথ্য পেতে পারতেন বা তথ্য কমিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা আপীল কর্তৃপক্ষ উক্ত তথ্য, তথ্য আবেদনকারীকে জানিয়ে দিতে পারতেন। কিন্তু কেহই তা করেন নি। সংশ্লিষ্ট সকল পক্ষকেই জনগণের তথ্য প্রাপ্তির অধিকার নিশ্চিত করণার্থে স্বপ্রণোদিতভাবে এগিয়ে আসা প্রয়োজন বলে তথ্য কমিশন মনে করে।

সিদ্ধান্ত।

অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী যথাযথভাবে সরবরাহ করা হয় নি মর্মে কমিশনের নিকট প্রতীয়মান হওয়ায় উল্লেখিত পর্যালোচনান্তে অভিযোগটি গুনানীর জন্য গ্রহণ করা হলো না এবং অভিযোগকারীকে সংশ্লিষ্ট শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব সাইট থেকে যাচিত তথ্য জেনে নেওয়ার জন্য পরামর্শ প্রদান করে অভিযোগটি নিষ্পত্তি করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার